# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-১)/১/৩(১৭)/২০২২-২০২৩/ ২৮৯৬(১২৫০) তারিখঃ ০৭.০৬.২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ এসিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৭ নভেম্বর, ২০২২ এর আওতায় দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৭ নভেম্বর,২০২২ এর আওতায় ঋণ বিতরণ এর লক্ষ্যমাত্রা নির্ধারনপূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। বর্ণিত সার্কুলারের আওতায় ৩০ জুন, ২০২৪ তারিখ মেয়াদে ঋণ বিতরনের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে নির্ধারিত সময়ের অর্থাৎ ২০২২-২০২৩ অর্থবছরের ০৫ (পাঁচ) মাস অতিক্রান্ত হলেও ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩১/০৫/২০২৩ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ৩৬০.০০ | ৯৫.৮২ | ২৬.৬২% |
| ২ | ময়মনসিংহ | ৩৫০.০০ | ৯২.০২ | ২৬.২৯% |
| ৩ | চট্টগ্রাম | ১২৫.০০ | ৩৩.৭৮ | ২৭.০২% |
| ৪ | খুলনা | ৩৬০.০০ | ৭৪.৬৩ | ২০.৭৩% |
| ৫ | বরিশাল | ১৭৫.০০ | ৪৫.১৭ | ২৫.৮১% |
| ৬ | সিলেট | ৮৫.০০ | ২২.৪১ | ২৬.৩৬% |
| ৭ | কুমিল্লা | ১৭০.০০ | ৪০.২০ | ২৩.৬৫% |
| ৮ | ফরিদপুর | ১৪০.০০ | ৫২.২৩ | ৩৭.৩১% |
| ৯ | কুষ্টিয়া | ১৭০.০০ | ৪৪.৭৭ | ২৬.৩৪% |
| ১০ | এলপিও | ৩.০০ | ০.০০ | ০% |
| মোটঃ | | ১৯৩৮.০০ | ৫০১.০৩ | ২৫.৮৫% |

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় কোন বিভাগই আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে অর্থাৎ ৩১/০৫/২০২৩ তারিখ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয়েছে ২৫.৮৫% । বর্ণিত স্কিমের আওতায় আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে অনেক পেছনে থাকায় এবং এলপিও কর্তৃক কোন ঋণ বিতরণ না করায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন।

চলমান পাতা-০২

বিষয়ঃ এসিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৭ নভেম্বর, ২০২২ এর আওতায় দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

০৩। সরকার ও বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি বজায় রাখাসহ বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণের জন্য প্রদত্ত ১৯৩৮.০০ (এক হাজার নয়শত আটত্রিশ) কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনে ইতোপূর্বে যেসকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা অনুসরণপূর্বক নির্ধা**রিত ধান/ মৎস্য চাষ/পোল্ট্রি/দুগ্ধ উৎপাদন/ গরু মোটতাজাকরণ/শাক-সবজি/ফুল ও ফল উৎপাদন এই ০৭ (সাত) টি** খাতে ঋণ বিতরণের যথাযথ পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ বিতরন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য কোন শাখা বর্ণিত সার্কুলারে উল্লেখিত ০৭ টি খাতে প্রকৃত সুবিধা ভোগী এবং ঋণের সদ্বব্যহার ব্যতীত ঋণ বিতরণ করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্দেশ প্রদান করেছেন।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-১৮১৮(১২৫০) ও ২২৭২(১২৫০) তারিখঃ যথাক্রমে ২৫/০১/২০২৩ ও ২৩/০৩/২০২৩ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরনপূর্বক আগামী ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শাখা ও অঞ্চল কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো এবং দৈনিক ভিত্তিতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/০১/৩(১৭)/২০২২-২৩/ ২৮৯৬(১২৫০) তারিখঃ ০৭/০৬/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক